ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




বিশ্বখ্যাত অন্তর্বাস সংস্থার সঙ্গে চুক্তি! ফাঁস প্রিয়াঙ্কার 'সিক্রেট'

পৃঃ ৫



রোহিতের কথায় পান্ডিয়ার চোখে জল

পৃঃ ৬


Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ১৮৯ ● কলকাতা ● ২৭ আষাঢ়, ১৪৩১ ● শুক্রবার ● ১২ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## অনন্ত আম্বানির বিয়েতে হাজির থাকবেন বাংলার মুখ্যমন্ত্রীও



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিখ্যাত মুম্বইয়ের জিও ওয়ার্ল্ডে মুকেশ ও নীতা আম্বানির ছোট ছেলে অনন্ত আম্বানির সঙ্গে ১২ জুলাই বিবাহ হবে হীরক ব্যবসায়ী পরিবারের মেয়ে রাধিকার। এদিন সাত পাকে বাঁধা পড়বেন অনন্ত। বিয়েতে থাকবে এলাহি আয়োজন। আর সেই বিয়েতে একদিন আগেই অর্থাৎ বৃহস্পতিবার পৌঁছে গিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

পাশাপাশি থাকবে একাধিক অনুষ্ঠান। সেই উপলক্ষে নিমন্ত্রিত বহু হেভিওয়েট, নামীদামি ব্যক্তিত্ব। যে তালিকায় রয়েছেন একাধিক রাজনৈতিক নেতা। বাংলার মুখ্যমন্ত্রী থেকে উত্তরপ্রদেশের অখিলেশ যাদব ্ আম্বানি পরিবারের আমন্ত্রণ পেয়েছেন সকলে। আর এই আমন্ত্রণে সাড়া দিয়ে মুম্বই গেছেন প্রায় সকলেই। তবে বাংলার মুখ্যমন্ত্রী বাইরে গেলে

এরপর ৩ পাতায়

## ভোলেবাবার পছন্দ ছিল শুধু কুমারীকন্যা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোলেবাবার পছন্দ ছিল শুধু কুমারীকন্যা। কুমারীকন্যাদেরই কেবলমাত্র শিষ্যা করতেন নারায়ণ সাকার হরি ওরফে সুরজ পাল। হাথরাসের সৎসঙ্গে ১২১ জনের পদপিষ্ট হয়ে মৃত্যুর পর থেকে প্রতিদিন ভোলেবাবাকে নিত্যনতুন রহস্য উন্মোচন হচ্ছে।বাবার আশ্রমের কাছাকাছি থাকা বাসিন্দারা জানিয়েছেন, এই মেয়েরাই ভোলেবাবার দৈনন্দিন কাজ ঠিক করতেন। মেয়েরাই বাবার স্নানের জন্য নিম দিয়ে বিশেষ জল তৈরি করত। এছাড়াও স্নানের জলে মেশানো হতো গোলাপের পাপড়ি, সুগন্ধী ইত্যাদি। এমনকী বাবাকে খাইয়ে দিতেন এই কচিকাঁচা শিষ্যারা।আজতক চ্যানেলের খবর অনুযায়ী, ভোলেবাবাকে সর্বক্ষণ ঘিরে থাকত কুমারী মেয়ের দল।

সৎসঙ্গে তাঁর অন্দরমহলে কোনও পুরুষের প্রবেশ নিষিদ্ধ ছিল। ভোলেবাবা পছন্দ ছিল লাল রং। তাই সৎসঙ্গের আয়োজক কমিটির দায়িত্ব ছিল এই মেয়েদের লাল শাড়ি-ব্লাউজ বা সালোয়ার-কুর্তা দেওয়ার। সেই পোশাক পরেই তাঁরা সৎসঙ্গে যেতেন এবং ভজনের সঙ্গে নাচ করতেন। এরকম বেশ কয়েকজন যুবতীর সঙ্গে কথা বলে এই গোপন রহস্য খুলে গিয়েছে। মেয়েদের বয়ান অনুযায়ী,

এরপর ৩ পাতায়

## ২১ জুলাই এগিয়ে আসতেই তৎপর তৃণমূলের শীর্ষ নেতৃত্ব !

# ওইদিন মঞ্চে থাকবেন কি অভিষেক?



**কলকাতা: নিউজ সারাদিন :** সদ্য শেষ হয়েছে লোকসভা নির্বাচন। এবছর রাজ্যে ২৯টি আসন পেয়েছে তৃণমূল কংগ্রেস। অন্যদিকে গতবারের তুলনায় আসন সংখ্যা কমেছে বিজেপির। এদিকে এই সাফল্য আগামী ২১ জুলাই উদযাপন করা হবে। এ কথা আগেভাগেই বলেছিলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়।

সেই মতো প্রস্তুতিও শুরু হয়ে গিয়েছে দলের অন্দরে। গত কয়েক বছর ধরে একুশে জুলাইয়ের ফিরে দেখা প্রস্তুতি পর্ব একটু অন্য কথাই বলছে। প্রস্তুতি পর্বে বড় ভূমিকা ছিল অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। তিনি জেলায় গিয়ে প্রস্তুতি সভা করছেন। ব্লক ব্লক ধরে ধরে কর্মী, সমর্থক, বাস- টেম্পো- ট্রেনের হিসাব চাইছেন। কলকাতায় একুশের সভার আগে যে শিবিরগুলো তৈরি হত তাও নিজেই দেখভাল করতেন। অভিষেক বন্দ্যোপাধ্যায় এখন সর্বভারতীয় তৃণমূলের সাধারণ সম্পাদক। জাতীয় রাজনীতিতেও অন্যতম মুখ হয়ে উঠছেন তিনি। কিন্তু তা সত্য উঠেছে কৌতূহলের প্রশ্ন। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় কি থাকবেন? যদিও এই প্রশ্ন ওঠার পেছনে যথেষ্ট কারণ রয়েছে বলে মনে করছেন বিশেষজ্ঞ মহলের একাংশ।কিন্তু এবার একুশে জুলাইয়ের আগে অভিষেকের দেখা তো নেই। তৃণমূলের মধ্যে চরম রহস্য যে, একুশে জুলাইয়ের মঞ্চে অভিষেক আদৌ থাকবেন তো! এবং সেটাও দলের একাংশের মধ্যে উৎকণ্ঠার স্রোত বইয়ে দিয়েছে বলে জল্পনা।আসলে গত তিন বছর ধরে তৃণমূলের রাজ্য সংগঠন অভিষেকই দেখছেন। দলে অনেকেই রয়েছেন, যাঁরা

এরপর ৩ পাতায়

## কলকাতায় বন্দুক এন্ড শেল ফ্যাক্টরি পরিদর্শনে প্রতিরক্ষা প্রতিমন্ত্রী



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** কলকাতার বন্দুক এন্ড শেল ফ্যাক্টরি পরিদর্শন করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা প্রতিমন্ত্রী শ্রী সঞ্জয় শেঠ । বুধবার সন্ধ্যায় তিনি কারখানার কার্যপ্রণালী এবং বর্তমান পরিস্থিতি নিয়ে বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন। এরপর উৎপাদন বৃদ্ধি করতে কারখানায় যেসব অত্যাধুনিক সুযোগ-সুবিধা তৈরি করা হয়েছে এবং পরিকাঠামো উন্নয়ন করা হয়েছে সেগুলিও পরিদর্শন করেন। তিনি গান এন্ড শেল ফ্যাক্টরীর উৎপাদন সক্ষমতা, আধুনিকীকরণের লক্ষ্যে বর্তমান প্রকল্প এবং ভবিষ্যতের উন্নয়ন পরিকল্পনা নিয়ে পর্যালোচনা করেন এবং কারখানার গুণগতমান ও দক্ষতার সর্বোচ্চ মান বজায় রাখার জন্য কারখানার আধিকারিক ও শ্রমিকদের ভুয়শী প্রশংসা করেন। এডভান্সড ওয়েপনস এন্ড ইকুইপমেনট ইন্ডিয়া লিমিটেডের চেয়ারম্যান এন্ড ম্যানেজিং ডিরেক্টর রাজেশ চৌধুরী এডভান্সড ওয়েপনস এন্ড ইকুইপমেন্ট ইন্ডিয়া লিমিটেডের এবং রাজেশ কুমার পান্ডে, এক্সিকিউটিভ ডিরেক্টর গান এন্ড শেল ফ্যাক্টরির সাম্প্রতিক সাফল্য মন্ত্রীর সামনে তুলে ধরেন।


ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

কবিতা সংকলন

দ্বীপ প্রস্মান্ন

সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার

সহ-সম্পাদক : নিবেদিতা শেঠ

Phone : 9163761670 /9564382031

কবিতা, গল্প ও অনুগল্প সংকলন

অনুগল্প ও গল্পের জন্য ফোনে কথা বলে নেবেন নিয়ম ও কারণ জানার জন্য।



পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ ☐ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪–এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com –এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

# ত্রিপুরার বর্তমান এইডস পরিস্থিতি হিমশৈলের চূড়ামাত্র




**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন** : চলতি মাসের গোড়ার দিকে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটি -এর এক আধিকারিক রাজ্যের পরিস্থিতি তুলে ধরেন, তিনি জানান, ত্রিপুরায় ৮২৬ পড়ুয়ার শরীরে এইচআইভি সংক্রমণ ধরা পড়ে, যাঁদের মধ্যে ৪৭ জন মারা গিয়েছেন। ৫৭২ জন পড়ুয়া এখনও জীবিত রয়েছেন। এছাড়াও এইচ আই ভি আক্রান্ত অনেক পড়ুয়া উচ্চশিক্ষার জন্য ভিন রাজ্যে চলে গিয়েছেন। রিপোর্ট অনুযায়ী পড়ুয়াদের মধ্যে এইচআইভি সংক্রমণ মহামারির আকার ধারণ করেছে সে নিয়ে শোরগোল পড়ে গিয়েছে গোটা দেশে। বিশেষজ্ঞদের মতে, এখনও পর্যন্ত যেটুকু সামনে এসেছে, তা হিমশৈলের চূড়ামাত্র। তাঁদের মতে সমস্যার শিকড় অনেক গভীরে।ইঞ্জেকশনের মাধ্যমে মাদক নেওয়ায় আসক্ত ২২০টি স্কুল এবং ২৪টি কলেজের পড়ুয়াদের চিহ্নিত করা গিয়েছে বলে দাবি করেন তিনি। প্রায় প্রত্যক দিনই পাঁচ-সাতজন করে পড়ুয়ার শরীরে এইচআইভি সংক্রমণ ধরা পড়ছে এবং প্রত্যেক ব্লক, মহকুমার স্বাস্থ্যকেন্দ্র থেকে সেই তথ্য সংগ্রহ করে রিপোর্ট জমা দিয়েছেন বলে জানান। ইঞ্জেকশনের মাধ্যমে বাজারে সহজলভ্য মাদক নিতে গিয়েই পড়ুয়ারা এইচআইভি-তে সংক্রমিত হচ্ছেন বলে জানান ওই আধিকারিক। বিষয়টি সামনে আসতেই ত্রিপুরা সরকারে তরফে সাফাই দেওয়া হয়। রিপোর্টটি বিভ্রান্তিমূলক বলে দাবি করে তারা। ত্রিপুরা সরকার জানিয়েছে, প্রতিদিন রাজ্যে পাঁচ থেকে সাত জন করে এইচআইভি সংক্রমিত ধরা পড়ছেন। ২০২৪ সালের মে মাস পর্যন্ত ত্রিপুরার অ্যান্টিরেট্রোভাইরাল থেরাপি সেন্টারগুলিতে (ART) ৮ হাজার ৭২৯ জনের নাম নথিভুক্ত হয়েছে। এঁদের মধ্যে বর্তমানে এইচআইভি পজিটিভ রোগীর সংখ্যা ৫ হাজার ৬৭৪ জন, ৪ হাজার ৫৭০ জন পুরুষ, ১ হাজার ১০৩ জন মহিলা এছাড়াও রূপান্তরকামী পজিটিভ রোগী একজন। বিশেষজ্ঞদের মতে পরিস্থিতির মোকাবিলা করতে হলে অবিলম্বে প্রত্যেক শিশুর ডাক্তারি পরীক্ষা প্রয়োজন। এইচআইভি এমন একটি রোগ, যাতে রোগ প্রতিরোধ শক্তিই একেবারে হারিয়ে যায়, শরীরের আরও অন্য রোগ বাসা বাঁধে, রোজকার জীবনে জটিলতা সৃষ্টি হয়, পাশাপাশি অন্য যে কেউই রোগীর থেকে সংক্রমিত হতে পারেন। আধুনিক চিকিৎসা ব্যবস্থায় রোগী যদিও দীর্ঘজীবী হতে পারেন, কিন্তু সর্বক্ষণ চিকিৎসকদের পর্যবেক্ষণে থাকতে হয়। এ বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসকরা জানান অল্পবয়সি ছেলে মেয়েদের মধ্যে সচেতনতা গড়ে তোলা অত্যন্ত জরুরি, চিকিৎসার চেয়ে গোড়াতেই রোগ প্রতিরোধ করা জরুরি, তা সকলকে বোঝানো উচিত। এক্ষেত্রে ইতিবাচক পরিবেশও গড়ে তোলা দরকার, কাউন্সেলিং এবং পুনর্বাসনের বন্দোবস্ত থাকা জরুরি, তা নাহলে পরিস্থিতি আরও ভয়ঙ্কর হতে পারে বলে আশঙ্কা তাদের।

## জেলা প্রশাসনের কঠোর পদক্ষেপ

# নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আকাশছোঁয়া কৃষিপণ্যের মূল্য নিয়ন্ত্রণে জেলা প্রশাসন কঠোর পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত নিল। বৃহস্পতিবার জেলা শাসকের সভাপতিত্বে একটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। মূলত 'সুফল বাংলা' স্টোর বাড়ানো ও বাজারে তদারকি বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।এদিন সভায় পুলিশ সুপার, জেলা প্রশাসক, উপ-পরিচালকবৃন্দ, কোল্ড স্টোরেজ সমিতি ,আলু পেঁয়াজ সমিতির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

এদিন সভায় জানানো হয়েছে যে জেলার ৯৩টি কোল্ড স্টোরেজে ১৪ লক্ষ মেট্রিক টন আলু মজুদ রয়েছে এবং প্রতিদিন ৬,০০০ মেট্রিক টন আলু বাজারে ছাড়া হচ্ছে।অন্যদিকে, পেঁয়াজ মূলত রাজ্যের বাইরে থেকে আমদানি করা হয়। এছাড়াও, সভায় জানানো হয় বর্তমানে ডিমের দাম ৬.৫০ থেকে ৭ টাকার মধ্যে রয়েছে।


সভায় গৃহীত সিদ্ধান্ত হয় সরকারি উদ্যোগে পরিচালিত 'সুফল বাংলা' স্টোরের সংখ্যা আরও বাড়ানো হবে। এই স্টোরগুলোতে সরকার নির্ধারিত মূল্যে কৃষিপণ্য পাওয়া যাবে। কৃষি বিপণন দপ্তর, এনফোর্সমেন্ট শাখা ও ভোক্তা দপ্তরের সহযোগিতায় বাজারে তদারকি বৃদ্ধি করতে হবে।পাশাপশি এসডিও এবং বিডিও আধিকারিকেরা নিয়মিত বাজার পরিদর্শন চালিয়ে অতিরিক্ত মজুদকরণ ও মুনাফাখোরী রোধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন। জেলা প্রশাসনের এই উদ্যোগের মাধ্যমে একদিকে যেমন কৃষিপণ্যের দাম কমানো যাবে, তেমনি অসাধু চোরাবাজার এর ওপরেও লাগাম টানা যাবে।

## শিলিগুড়ি কোলকাতা গামী

# সরকারি যাত্রীবাহী দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস থেকে কয়েক লক্ষ টাকার গাজা উদ্ধার হয়




**শিলিগুড়ি: নিউজ সারাদিন** : গোপন সূত্রে খবরের ভিতরে ঘোষপুকুর পাড়ি পুলিশ শিলিগুড়ি কোলকাতা গামী যাত্রীবাহী দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস্কে আটক করে তল্লাশি চলায় এরপরে কয়েক লক্ষ টাকার গাজা উদ্ধার করে পুলিশ গ্রেপ্তার করা হয় তিনজনকে এদিন রাতে ঘোষপুকুর মোড় এলাকায় কয়েক ঘন্টা যাত্রীবাহী বাসটি দাঁড়িয়ে থাকায় হয়রানি শিকার হতে যাত্রীদের তবে এ বিষয়ে গাড়ির চালক ও কন্ডাক্টর কিছুই জানতেন না বলে তবে সূত্রমতে জানা যায়। কোচবিহার থেকে কলকাতায় এই গাজা পাচার করা হচ্ছিল ।পুলিশ সূত্রে খবর বাসের কেবিনে তিনটি টলি ব্যাগে করে এই কাজও পাচার করা হচ্ছিল। আনুমানিক ৬০ কেজি গাঁজা। ৩ যুবক মিলে গাজা পাচার করা হচ্ছিল যার বাজার মূল্য কয়েক লক্ষ টাকা। ধৃতদের আজ শিলিগুড়ি মহকুমা আদালতে পাঠানো হবে। তদন্তের স্বার্থে আদালতের কাছে পুলিশি হেফাজতে নেওয়ার আবেদন জানানো হয়েছে আর কারা কারা যুক্ত রয়েছে।পুরো ঘটনা তদন্ত শুরু করেছে ফাঁসিদেওয়া থানার পুলিশ।







# এসে গেল লাভা ব্লেজ এক্স:

## শ্রেণীতে প্রথম* 120 Hz- এর কার্ভড অ্যামোলেড ডিসপ্লে-সহ মধ্যম স্তরের গেম চেঞ্জার ফোন

- প্রাণবন্ত এক্স: পাঞ্চ হোল ডিজাইন এবং ইন-ডিসপ্লে ফিঙ্গারপ্রিন্ট সেন্সর-সহ দুর্দান্ত 16.94 সেমি (6.67") 120 Hz কার্ভড অ্যামোলেড ডিসপ্লে
- মনোমুগ্ধকর এক্স: সোনি সেন্সর-সহ 64+2MP রিয়ার ক্যামেরা এবং চিত্তাকর্ষক 16MP ফ্রন্ট ক্যামেরা
- প্রিমিয়াম এক্স: ভারতে ডিজাইন করা নজরকাড়া মসৃণ, মার্জিত, ম্যাট ফিনিশ বডি
- এক্স-এর উপর বিশেষ অফার: ব্লেজ এক্সের দাম শুরু হচ্ছে 13999* টাকা থেকে (ব্যাঙ্ক অফার-সহ)




**Kolkata, 10 জুলাই 2024: নিউজ সারাদিন** : শীর্ষস্থানীয় স্বদেশী স্মার্টফোন এবং পরিধানযোগ্য ব্র্যান্ড লাভা ইন্টারন্যাশনাল লিমিটেড তাদের সাম্প্রতিকতম মোবাইল ফোন লাভা ব্লেজ এক্স উদ্বোধনের মাধ্যমে ব্লেজ সিরিজের সম্প্রসারণের কথা ঘোষণা করল।

সুলভ মূল্যের স্মার্টফোনের শ্রেণীতে নতুন মানদণ্ড স্থাপন করা ব্লেজ এক্স এই শ্রেণীতে প্রথমবার নিয়ে এসেছে কার্ভড অ্যামোলেড ডিসপ্লে। নতুন ব্লেজ এক্স দুটি দুর্দান্ত রঙের ভেরিয়েন্টে উপলব্ধ- স্টারলাইট পার্পল এবং টাইটানিয়াম গ্রে। এটি লাভা ই-স্টোর এবং আমাজনে 20 জুলাই থেকে পাওয়া যাবে।

লাভা ইন্টারন্যাশনাল লিমিটেডের প্রোডাক্ট হেড শ্রী সুমিত সিং বলেন, "লাভা ব্লেজ আমাদের সফল সিরিজগুলোর একটি, যেখানে মোবাইল শিল্পের ক্ষেত্রে উন্নত মানসম্পন্ন এবং শক্তিশালী স্মার্টফোনের ব্যবধান মেটানোর চেষ্টা করা হয়েছে। ব্লেজ লাইন-আপের সর্বশেষ সংযোজন নতুন ব্লেজ এক্সকে নিজের শ্রেণীর ক্ষেত্রে তিনটি মূল বিষয়ের উপরে জোর দিয়ে তৈরি করা হয়েছে, প্রথম কার্ভড অ্যামোলেড ডিসপ্লে, কর্মক্ষমতা এবং নান্দনিকতা। আশা করি লাভা ভক্তরা আমাদের এই নতুন ব্লেজ এক্স পছন্দ করবেন এবং ফোনটি ডিজাইন করার ক্ষেত্রে যে সব অভিজ্ঞতা গ্রাহকদের দেওয়ার চেষ্টা করা হয়েছে- তা উপভোগ করবেন।"

**ডিসপ্লে এবং ডিজাইন**

স্মার্টফোনটিতে পাঞ্চ হোল ডিজাইন-সহ একটি অসাধারণ 16.94 সেমি (6.67") 120 Hz কার্ভড অ্যামোলেড ডিসপ্লে রয়েছে যা ব্যবহারকারীদের এক নিমগ্ন অভিজ্ঞতা প্রদান করে। এলিগ্যান্ট ডেকোর সঙ্গে একটি প্রিমিয়াম মুনস্টোন ম্যাট ব্যাক ডিজাইনে সজ্জিত নতুন ব্লেজ এক্স স্টাইলের বিচ্ছুরণ ঘটায় এবং নিজের শ্রেণীতে এটি এক সত্যিকারের নতুন ধারা নিয়ে এসেছে।

**ক্ষমতাশালী ক্যামেরা**

সোনি সেন্সর-সহ এর 64MP + 2MP রিয়ার ক্যামেরা এবং 16MP ফ্রন্ট ক্যামেরায় সজ্জিত এই নতুন স্মার্টফোনটিতে ডুয়াল ভিউ ভিডিও, ফিল্ম, প্রো ভিডিও, স্লো মোশন, টাইমল্যাপস, ইউএইচডি, জিআইএফ, বিউটি, এইচডিআর, নাইট, পোর্ট্রেট, এআই, প্রো, প্যানোরামা, ফিল্টার, ম্যাক্রো, এআই ইমোজি-সহ বেশ কয়েকটি শুটিং মোড রয়েছে।

**ক্ষমতা এবং কর্মদক্ষতা**

এক প্রসারিত অভিজ্ঞতা এবং দুর্দান্ত গতি প্রদানকারী এই স্মার্টফোনটিতে MediaTek ডাইমেনসিটি 6300 প্রসেসর রয়েছে যার AnTuTu স্কোর 420K+| 4GB+4GB*, 6GB+6GB* এবং 8GB+8GB*-র তিনটি RAM বিকল্পের পাশাপাশি এই মোবাইলে রয়েছে বিশাল 128GB UFS 2.2 স্টোরেজ। ফলে মাল্টিটাস্কিং হয় মসৃণ এবং স্টোরেজের জন্য যথেষ্ট জায়গাও মেলে। ব্লেজ এক্সে থাকছে টাইপ সি পোর্ট এবং 33W ফাস্ট চার্জিং সহ 5000mAh ব্যাটারি।

**অ্যান্ড্রয়েড এবং সফটওয়্যার আপগ্রেড**

ব্লেজ এক্স লাভার প্রতিশ্রুতি মেনেই ব্লটওয়্যার-মুক্ত, বিজ্ঞাপন-মুক্ত অভিজ্ঞতা প্রদান করে। লাভা নিয়মিত সফটওয়্যার আপডেটের সুবিধাও দেয়, যার মধ্যে রয়েছে অ্যান্ড্রয়েড 15-G নিশ্চিত আপগ্রেড-সহ দুই বছরের জন্য ত্রৈমাসিক নিরাপত্তা আপডেট।

**বাড়িতেই বিনামূল্যে পরিষেবা**

লাভা ব্র্যান্ড সর্বদা গ্রাহককেই অগ্রাধিকার প্রদান করে এবং সেই আদর্শ অনুসরণ করে লাভা ব্লেজ এক্স ব্যবহারকারীদের জন্য সারা ভারতে বাড়িতেই বিনামূল্যে পরিষেবা প্রদানের সুবিধা থাকছে। সেই সঙ্গে লাভা রিটেইল আউটলেটগুলিতেও ব্যবহারকারীদের অভিযোগের সমাধান করা হয়। বাড়িতে পরিষেবা পেতে লিঙ্কটি অনুসরণ করুন: https://www.lavamobiles.com/lava_service_at_home/

*ভার্চুয়াল RAM
*ব্যাঙ্ক অফার-সহ

**বৈশিষ্ট্য তালিকা:**

লাভা ব্লেজ এক্স

মূল বৈশিষ্ট্যসমূহ/4টি প্রধান বৈশিষ্ট্য : ডিসপ্লে: 120 Hz কার্ভড অ্যামোলেড ডিসপ্লে, 800 nits ঔজ্জ্বল্য
প্রসেসর: মিডিয়াটেক ডাইমেনসিটি 6300, AnTuTu 420K+
ক্যামেরা: পিছনে 64+2MP (ম্যাক্রো), সামনে 16MP
ব্যাটারি: 5000 mAh, 33W charging

সাধারণ বৈশিষ্ট্য
ফর্ম : টাচ
সিম : ডুয়াল সিম (ডেডিকেটেড)
টাচ স্ক্রিন : হ্যাঁ
বিজনেস ফিচার্স : জিমেল
কল ফিচার্স : কল সংযোগে ভাইব্রেশন, কনফারেন্স কল, বেনামি ও স্বয়ংক্রিয় কল রেকর্ডিং
হ্যান্ডসেটের রঙ : স্টারলাইট পার্পল ও টাইটানিয়াম গ্রে
বিক্রয় প্যাকেজে থাকবে : হ্যান্ডসেট, ইউএসবি কেবল টাইপ-সি, চার্জার, সিম ইজেক্টর পিন, ব্যাক কভার, ইউএসবি সি সংযোগকারী 3.5 মিলিমিটার কনেক্টর
প্ল্যাটফর্ম
প্রসেসর : মিডিয়াটেক ডাইমেনসিটি 6300
ওএস : AndroidTM 14
ডিসপ্লে :
বিশদ : 120 Hz কার্ভড অ্যামোলেড
আকার : 6.67"
রেজোলিউশন : 1080 X 2400
পিপিআই : 394
রঙ : 16.7 M
ক্যামেরা
মূল ক্যামেরা (পিছনের ক্যামেরা) : ৬৪ গচ (সোনি)+ ২ গচ
দ্বিতীয় ক্যামেরা (সামনের ক্যামেরা) : 16MP
ফ্ল্যাশ : হ্যাঁ, দুই ক্যামেরাতেই (সামনের ফ্ল্যাশ - স্ক্রিন)
মেমোরি RAM : 8 GB + 8 GB * LPDDR4X (*ভার্চুয়াল RAM) । 6GB+6GB* । 4GB+4GB*
অন্তর্গত মেমোরি : 128GB
বর্ধিত মেমোরি : নেই ব্যাটারি-সহ ওজন : 183 গ্রাম
ব্যাটারি ধরণ : 5000mAh (টিপিক্যাল) Li-Polymer ব্যাটারি
চার্জিং : ৩৩ড চার্জার, টাইপ-সি কেবল
ইন্টারনেট ও সংযোগ
ইন্টারনেট বৈশিষ্ট্য : গুগল প্লে স্টোর, জিমেল, ইউটিউব, গুগল, গুগল অ্যাসিস্ট্যান্ট, ম্যাপস্, ফাইলস্ নেভিগেশন : হ্যাঁ
প্রিইনস্টলড ব্রাউজার : হ্যাঁ, গুগল ক্রোম
জিপিআরএস : হ্যাঁ
EDGE : হ্যাঁ
3G ; হ্যাঁ
4G : হ্যাঁ
5G : হ্যাঁ
ওয়াইফাই : হ্যাঁ
ইউএসবি সংযোগ :টাইপ-সি
ব্লুটুথ : হ্যাঁ
অডিয়ো জ্যাক : নেই (ইউএসবি সি থেকে 3.5mm কনেক্টর বাক্সে দেওয়া থাকবে)
ওটিজি সাপোর্ট : হ্যাঁ
মাল্টিমিডিয়া মিউজিক প্লেয়ার : হ্যাঁ
ভিডিয়ো প্লেয়ার : হ্যাঁ

## এবার দলের ভেতরেই
# বড় ধাক্কা খেলেন বাইডেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি বছরের ৫ নভেম্বর মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন প্রধান দুই দলের দুই প্রার্থী। তারা হলেন- ক্ষমতাসীন ডেমোর্ক্যাটিক পার্টির বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন এবং রিপাবলিকান পার্টির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

তবে সম্প্রতি বাইডেনের প্রার্থিতা নিয়ে নানা সমালোচনার জন্ম দিয়েছে। খোদ দলের নেতারাই তার বিরুদ্ধে কথা বলতে শুরু করেছেন।

এরই ধারাবাহিকতায় নিজ দলের ভেতর থেকে বড় ধাক্কা খেলেন বাইডেন। বুধবার দলের হেভিওয়েট নেতা ন্যান্সি পেলোসি এবং জর্জ ক্লুনি বাইডেনের পুনর্নির্বাচনের সম্ভাবনা নিয়ে সংশয় প্রকাশ করেছেন। এই দুই নেতা দলের অন্যান্য আইনপ্রণেতা, দাতা এবং সিনেট ডেমোক্রেটদের প্রভাবিত করতে পারেন।

সম্প্রতি ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে টেলিভিশন বিতর্কে ধরাশায়ী হন বাইডেন। বিতর্ক চলাকালে বাইডেন একাধিকবার কথার মাঝখানে থেমে গিয়েছিলেন। তিনি অনেক সময় বাক্যও সম্পূর্ণ করতে পারেননি। ৮১ বছরের বাইডেনকে অনেকেই শারীরিক ও আইকিউ পরীক্ষা করানোর পরামর্শ দিয়েছেন। দলের ভেতর থেকে অনেকেই বাইডেনকে প্রার্থিতা প্রত্যাহারের আহবান জানিয়েছেন। তবে বাইডেন সাফ জানিয়েছেন, তিনি সরছেন না, নির্বাচনে থাকছেন। এমনকি তিনি বলেছেন, একমাত্র ঈশ্বর ছাড়া কেউ তাকে নির্বাচন থেকে নিবৃত করতে পারবেন না।

প্রতিনিধি পরিষদের সাবেক স্পিকার এবং বাইডেনের দীর্ঘদিনের সহযোগী ন্যান্সি পেলোসি বলেছেন, ২০২৪ সালের হোয়াইট হাউসের নির্বাচনে থাকবেন কিনা তা দ্রুত সিদ্ধান্ত নিতে হবে বাইডেনকে।

হলিউড তারকা ক্লুনি নিউইয়র্ক টাইমসে লেখা মতামতে বাইডেনের প্রতি তার সমর্থন প্রত্যাহার করে নিয়েছেন এবং বলেছেন, ২০২০ সালের বাইডেন আর ২০২৪ সালের বাইডেন এক ব্যক্তি নন।

তিনি লিখেছেন, “আমরা এই প্রেসিডেন্টকে নিয়ে নভেম্বরে জিততে যাচ্ছি না। তার উপরে, আমরা হাউস জিতব না এবং আমরা সিনেট হারাতে যাচ্ছি।”

সিনেটর পিটার ওয়েলচ বুধবার রাতে এক লেখায় বাইডেনকে প্রার্থিতা প্রত্যাহার করার আহ্বান জানিয়েছেন। তিনিই প্রথম ডেমোক্রেটিক সিনেটর যিনি স্পষ্টভাবে প্রেসিডেন্টকে সরে যাওয়ার আহ্বান জানিয়েছেন।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার ব্যক্তিগতভাবে ইঙ্গিত দিয়েছেন যে, বাইডেন ছাড়া দলের অন্য কোনও প্রার্থীর প্রতি তার সমর্থন থাকবে।

দলের একজন প্রধান দাতা জানিয়েছেন, ডেমোক্রেটিক

১-ম পাতার পর

# অনন্ত আম্বানির বিয়েতে হাজির থাকবেন বাংলার মুখ্যমন্ত্রীও

সাধারণত এক সফরে একাধিক কর্মসূচিতে যোগ দেন। এবারও তার ব্যতিক্রম হবে না বলেই জানা গিয়েছে। এরপর দুদিনের মুম্বই সফরেও একাধিক রাজনৈতিক বৈঠক রয়েছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের।জানা গিয়েছে যে এই অনুষ্ঠানের মাঝেই সামিল থাকবেন মুম্বাইয়ে ঠাকরে পরিবার থেকে উদ্ধব ঠাকরে, শরদ পওয়ার, অখিলেশ যাদবদের সঙ্গে রাজনৈতিক আলোচনাও সেরে নেবেন তিনি সূত্রের খবর।

এই রাজকীয় বিয়ের অনুষ্ঠানে রাজনীতি থেকে গ্ল্যামার ইন্ডাস্ট্রি, বিশ্বের তাবড় ব্যক্তিত্বদের উপস্থিতিতেই এদিন অনন্ত-রাধিকার চার হাত এক হবে। বরিস জনসন, কিম কার্দাশিয়ান, টনি ব্লেয়ার থেকে শুরু করে দেশ-বিদেশে ডাকসাইটে ব্যক্তিত্বরা হাজির থাকছেন আম্বানিদের বিগবাজেট বিয়ের লাল গালিচায়।

১-ম পাতার পর

# ২১ জুলাই এগিয়ে আসতেই তৎপর তৃণমূলের শীর্ষ নেতৃত্ব ! ওইদিন মঞ্চে থাকবেন কি অভিষেক?

অভিষেকের আশ্রয়ে বড় ও সমৃদ্ধ হয়েছেন এবং সংগঠন বা মন্ত্রিসভায় পদ পেয়েছেন। আবার লোকসভা ভোটের পর অভিষেক বন্দ্যোপাধ্যায় সবাইকে জানিয়েই সাংগঠনিক দায়িত্ব থেকে স্বল্পকালীন বিরাম নিয়েছেন। এর মূল কারণ অবশ্য চিকিৎসা। তিনি চিকিৎসার কারণে দেশে নেই বলে খবর। তৃণমূল সূত্রে এও খবর, ২১ জুলাইয়ের আগে অভিষেক ফিরবেন কিনা কোনও নিশ্চয়তা নেই। ওয়াকিবহাল মহলের একাংশের দাবি, চিকিৎসা প্রক্রিয়া শেষ হয়ে গেলে একুশের আগেই ফিরে আসবেন অভিষেক। তবে এ নিয়ে এখনও কোনও স্পষ্ট উত্তর মেলেনি। এখন শুধু দেখার অপেক্ষা।

১-ম পাতার পর

# ভোলেবাবার পছন্দ ছিল শুধু কুমারীকন্যা

তাঁদের সৎসঙ্গ চলাকালীন লাল পোশাক পরে যেতে হতো এবং সেখানে নাচতে হতো। তাঁদের মুখ থেকেই জানা গিয়েছে, সৎসঙ্গের সময় বাবা সবসময় কালো চশমা পরতেন। দেবতা জ্ঞানে ভক্তি করা ভোলেবাবা সম্পর্কে আরও সব চাঞ্চল্যকর তথ্য দিতে সেইসব মেয়েরাই লজ্জা পাচ্ছেন।এক মহিলা জানান, যে কুমারী মেয়েরা তাঁকে ঘিরে থাকতেন, তাঁরা সুরজ পালকে নিজের স্বামী বলে জ্ঞান করতেন এবং সেইভাবেই সহবাস করতেন। এই মেয়েরা তাঁকে এতটাই ভক্তি করতেন যে ভোলেবাবার কথায় সবকিছু করতে পারতেন। সৎসঙ্গে যাওয়া এক মহিলার কথায়, লাল কাপড় পরা মেয়ে দেখলেই ভোলেবাবার মুখে হাসি ছড়িয়ে পড়ত।

সুরজ পালের এক ভক্ত সংবাদমাধ্যমকে জানান, বাবার আশ্রম ও সংস্থাগুলিতে বিভিন্ন ধরনের মহিলা থাকতেন। তারমধ্যে শুধু অবিবাহিতা মেয়েদেরই তিনি শিষ্য করতেন। আর বিবাহিতা মহিলারা তাঁর দর্শন পেলেও তাঁদের ধারেকাছে ঘেঁষতে দিতেন না স্বঘোষিত এই সাক্ষাৎ নারায়ণ। কুমারী মেয়েদের সৎসঙ্গে লাল চেলি পরে মুখে চড়া মেকআপ করে নাচতে হতো। তবে নাচের পরে তাঁদের পোশাক পরিবর্তনের অনুমতি ছিল।

## পশ্চিমবঙ্গ এবং সিকিমের এনসিসি ডায়রেক্টরেট ঘুরে দেখলেন
# প্রতিরক্ষা প্রতিমন্ত্রী শ্রী সঞ্জয় শেঠ



**নতুন দিল্লি, ১১ জুলাই ২০২৪ : নিউজ সারাদিন :** প্রতিরক্ষা প্রতিমন্ত্রী শ্রী সঞ্জয় শেঠ আজ পশ্চিমবঙ্গ ও পশ্চিমবঙ্গ এবং সিকিমের এনসিসি ডায়রেক্টরেট ঘুরে দেখেন। কলকাতা ময়দানের এনসিসি প্রতিষ্ঠানে তিনি সংশ্লিষ্ট আধিকারিক, নির্দেশক ও এনসিসি আধিকারিক এবং ক্যাডেটদের সঙ্গে আলাপচারিতায় অংশ নেন। মন্ত্রীকে জয়েন্ট সার্ভিস গার্ড অফ অনার দিয়ে সম্মানিত করে সেনা, বায়ুসেনা ও নৌসেনার ক্যাডেটরা। ক্যাডেটদের তরফে বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রশিক্ষণের সঙ্গে যুক্ত বিভিন্ন কলা-কৌশল প্রদর্শন করা হয়। ক্যাডেটদের সঙ্গে আলাপচারিতায় মন্ত্রী দেশ গঠনে তাঁদের নিঃস্বার্থ প্রতিশ্রুতির প্রশংসা করেন। তিনি ক্যাডেটদের ভবিষ্যতে দেশ গঠনের নেতা হিসেবে দায়বদ্ধ থাকার আহ্বান জানান। এছাড়াও প্রশিক্ষণ, সামাজিক কাজকর্ম ও সামাজিক উন্নয়নমূলক বিভিন্ন উদ্যোগে পশ্চিমবঙ্গ ও সিকিম ডায়রেক্টরেটের ভূমিকার প্রশংসা করেন। পশ্চিমবঙ্গ ও সিকিমের এনসিসি-র অতিরিক্ত মহানির্দেশক মেজর জেনারেল বিবেক ত্যাগী ক্যাডেটদের সাফল্যের বিষয়টি তুলে ধরেন এবং মন্ত্রীকে ডায়রেক্টরেটের বিভিন্ন চ্যালেঞ্জ সম্পর্কে অবহিত করেন। সুশৃঙ্খল ও দেশপ্রেমী নাগরিক হিসেবে গড়ে উঠতে এনসিসি ক্যাডেটদের ভবিষ্যতের বিষয়ে আস্থা প্রকাশ করেন মন্ত্রী। প্রতিরক্ষা মন্ত্রক থেকে যথাসম্ভব সাহায্য করা হবে বলেও আশ্বাস দেন শ্রী সঞ্জয় শেঠ।




## পূর্ব উপকূলের বন্দরগুলিতে জলপথ পরিবহণের সম্ভাবনা
# খতিয়ে দেখতে ভারত সফরে ১৩ সদস্যের বাংলাদেশী প্রতিনিধিদল

**নয়াদিল্লি, ১১ জুলাই ২০২৪ : নিউজ সারাদিন :** ১৩ সদস্যের বাংলাদেশী প্রতিনিধিদল ৯-১২ জুলাই, ২০২৪-এ ছয় দিনের ভারত সফরে। পূর্ব উপকূলের ভারতীয় বন্দরের মাধ্যমে বাংলাদেশে পণ্য আমদানি-রপ্তানির সম্ভাবনা খতিয়ে দেখতে এই সফর। বাংলাদেশের জাহাজ মন্ত্রকের যুগ্ম সচিব শ্রী এস এম মোস্তাফা কামালের নেতৃত্বে এই প্রতিনিধিদলে আছেন গুরুত্বপূর্ণ মন্ত্রক ও বাংলাদেশ বন্দরের প্রতিনিধিরা। গত বছর ডিসেম্বরে ঢাকায় অনুষ্ঠিত ভারত-বাংলাদেশ জাহাজ মন্ত্রকের সচিব স্তরের বৈঠক অনুযায়ী, এই প্রতিনিধিদল চেন্নাই, কৃষ্ণপত্তনম, বিশাখাপত্তনম, কলকাতা এবং হলদিয়া সফর করছে।

গত বছরের ওই বৈঠকে ৬ নম্বর আলোচ্যসূচির প্রস্তাব রাখে ভারত, যাতে ভারত এবং বাংলাদেশের মধ্যে কোস্টাল শিপিং এগ্রিমেন্ট এবং প্রোটোকল অন ইনল্যান্ড ওয়াটার ট্র্যানজিট অ্যান্ড ট্রেড ব্যবহার করে ভারতীয় বন্দরগুলির মাধ্যমে বাংলাদেশে পণ্য চলাচল করা যায়।

বাংলাদেশী প্রতিনিধিদলের সফরের উদ্দেশ্য, কারিগরি দিক, বাণিজ্যিক সম্ভাবনা এবং ভারতীয় বন্দরের পরিকাঠামো সম্পর্কে জানা। প্রতিনিধিদলের সফরসঙ্গী হয়েছেন ভারতের তরফ থেকে ইনল্যান্ড ওয়াটারওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া, বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রকের আধিকারিকরা, ডিরেক্টর জেনারেল অফ শিপিং এবং সেন্ট্রাল বোর্ড অফ ইনডায়রেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস-এর আধিকারিকরা। বিভিন্ন বন্দরের চেয়ারম্যানদের সঙ্গে প্রতিনিধিদলের বৈঠক ফলপ্রসূ হয়েছে। ঢাকা এবং বিশাখাপত্তনমের মধ্যে রিভার ক্রুজ শুরু করার বিষয়েও আলোচনা হয়েছে। আইডব্লিউএআই-এর ডিরেক্টর, ট্র্যাফিক শ্রী এ কে বনসল প্রতিনিধিদলকে জানিয়েছেন, আইবিপি রুটে ইতিমধ্যেই ক্রুজ পরিষেবা বর্তমান এবং তা বাংলাদেশ থেকে বিশাখাপত্তনম এবং অন্য পূর্ব উপকূলের রুটে চালু করা যেতে পারে। আইবিপি রুটে বাংলাদেশ থেকে হলদিয়া বা কলকাতায় পণ্য আনার বিষয়টি নিয়েও আলোচনা হয়েছে। বাংলাদেশী প্রতিনিধিদল ভারতীয় বন্দর ব্যবহার করে আমদানি-রপ্তানির কাজে কয়েকটি অসুবিধার কথাও উল্লেখ করেছে, যার জবাবে ভারতের পক্ষ থেকে সার্বিক তথ্য দেওয়ার কথা জানানো হয়েছে। কলম্বো, সিঙ্গাপুর এবং পোর্ট ক্লাং-এর তুলনায় ভারতীয় বন্দর ব্যবহার করলে বাংলাদেশী রপ্তানিকারকরা অতিরিক্ত কি সুবিধা পাবেন তাও জানানো হয়েছে।

প্রতিনিধিদলটির আশা এই সফরের ফল ইতিবাচক হবে। তাঁরা কলম্বো, সিঙ্গাপুর, পোর্ট ক্লাং, চট্টগ্রাম, মংলা এবং পায়রা বন্দরের তুলনায় ভারতীয় পূর্ব উপকূলের বন্দরগুলি থেকে আমদানি-রপ্তানির তুলনামূলক খরচ, সময় ও অন্য বিষয়ে জানতে চেয়েছেন। ভারতও কি ধরনের পণ্য আমদানি-রপ্তানি হবে এবং কোন বন্দরে তা আসবে সে বিষয়ে জানতে চেয়েছে।

বাংলাদেশী প্রতিনিধিদলের প্রধান জানিয়েছেন, ঢাকায় সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে বৈঠকে তথ্য, বিশ্লেষণগুলি এবং তুলনামূলক পরিসংখ্যান খতিয়ে দেখা হবে। এরপর বাংলাদেশের জাহাজ মন্ত্রককে রিপোর্ট দেওয়া হবে এবং কূটনৈতিক স্তরে তা জানিয়ে দেওয়া হবে ভারতকে।

দু'পক্ষই ভারত ও বাংলাদেশের মধ্যে জলপথে যোগাযোগের নতুন যুগে প্রবেশ করার বিষয়ে আশাবাদী।

## লাটাগুড়ির বেশ কিছু রিসোর্টে
# অবৈধ দখলমুক্তকরণ অভিযান




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জেলা প্রশাসনের নির্দেশে লাটাগুড়ি ও কুমলাই-এর বেশ কিছু রিসোর্টে অভিযান চালিয়ে অবৈধ দখলমুক্তকরণ করা হয়েছে। এদিন ক্রান্তি ব্লকের বিডিও রিমলি সোরেন, মাল ব্লকের ভূমি ও ভূমি রাজস্ব দফতরের কর্মকর্তা এবং ক্রান্তি থানার পুলিশ সহযোগে এই অভিযান পরিচালিত হয়। মূলত মুখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্য জুড়ে চলমান দখলমুক্তকরণ অভিযানের অংশ হিসেবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

অভিযানের সময়, জেলা প্রশাসন কর্তৃপক্ষ নয়টি রিসোর্টে অবৈধ দখলের অভিযোগ পায়। রিসোর্ট মালিকদের ৪৮ ঘণ্টার মধ্যে জমির বৈধ কাগজপত্র দেখাতে নির্দেশ দেওয়া হয়েছে। সূত্রের খবর নির্ধারিত সময়ের মধ্যে যদি কাগজপত্র দেখানো না হয়, তাহলে জমি দখলমুক্ত করে নেওয়া হবে বলে কর্তৃপক্ষ স্পষ্ট করে জানিয়েছে।

## কলকাতায় বাংলাদেশি যুবকের
# মরদেহ উদ্ধার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের রাজধানী কলকাতায় জলাশয় থেকে বাংলাদেশি এক যুবকের মরদেহ উদ্ধার করা হয়েছে। কলকাতার সায়েন্স সিটির কাছের একটি জলাশয় থেকে তার মরদেহ উদ্ধার করা হয়েছে। পুলিশের অনুমান, বাংলাদেশি ওই যুবক আত্মহত্যা করেছেন। বুধবার তার মরদেহ উদ্ধার করে কলকাতা পুলিশ। নিহত যুবক বাংলাদেশি নাগরিক। তার নাম দাউদ হোসেন উপল (২৩)। তিনি ঢাকার বাসিন্দা বলে জানিয়েছে পুলিশ। প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে কলকাতা পুলিশ বলছে, বুধবার সকাল ৯টার দিকে সায়েন্স সিটির কাছে বরুণ সেনগুপ্ত মেট্রো রেল স্টেশনের সামনের জলাশয়ে ঝাঁপ দেন উপল। প্রত্যক্ষদর্শীরা দ্রুতই পুলিশকে খবর দেয়। পরে স্থানীয়দের সাহায্যে জলাশয় থেকে উপলকে উদ্ধার করে প্রগতি ময়দান থানা-পুলিশ। পরে উপলকে নেয়া হয় কলকাতার এনআরএস হাসপাতালে। সেখানেই চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন। পানিতে ডুবেই ওই যুবকের মৃত্যু হয়েছে বলে মনে করছে পুলিশ। তবে তার কাছ থেকে কোনো সুইসাইড নোট পাওয়া যায়নি।

প্রাথমিক তদন্ত শেষে কলকাতা পুলিশ জানিয়েছে, কিছুদিন আগে কলকাতায় যান উপল। পশ্চিমবঙ্গের রাজধানীর নিউমার্কেট থানা এলাকার একটি হোটেলে ওঠেন। সেখান থেকে কী উদ্দেশ্যে সায়েন্স সিটির দিকে গিয়েছিলেন তা খতিয়ে দেখা হচ্ছে। উপলের পরিবারের সঙ্গেও যোগাযোগের চেষ্টা করছে কলকাতা পুলিশ। মৃত্যুর খবর দেয়া হয়েছে কলকাতার বাংলাদেশ উপ-দূতাবাসেও। মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। এই অঘটনায় একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করে তদন্ত শুরু করেছে পুলিশ।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৮৯ সংখ্যা ১২ জুলাই, ২০২৪ শুক্রবার ২৭ আষাঢ়, ১৪৩১

## বাড়ি না হওয়ার তালিকায় শীর্ষে রয়েছে দক্ষিণ ২৪ পরগনা জেলা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার প্রকল্পে কেন্দ্রের অনুমোদনের পরেও রাজ্যে এখনও তৈরি হয়নি ৫৫ হাজার বাড়ি। সম্প্রতি, রাজ্যের পঞ্চায়েত দফতরের রিপোর্টে সামনে এসেছে এমনই চাঞ্চল্যকর তথ্য। বলাবাহুল্য, এই পরিসংখ্যান দেখে যারপরনাই ক্ষুব্ধ নবান্ন।সূত্রের খবর, জানা গিয়েছে, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা,পূর্ব মেদিনীপুর, মুর্শিদাবাদ সহ একাধিক জেলায় কয়েক হাজার বাড়ি তৈরির কাজ এখনও শেষ হয়নি। বাড়ি না হওয়ার তালিকায় শীর্ষে রয়েছে দক্ষিণ ২৪ পরগনা জেলা। ফলত, অবিলম্বে জেলাশাসকদের এই বাড়ি তৈরির কাজ শেষ করার নির্দেশ দিল নবান্ন। বর্তমানে এই প্রকল্পে কেন্দ্র অর্থ বরাদ্দ বন্ধ রেখেছে রাজ্যকে।এর আগে এই প্রকল্পে কেন্দ্রের দেওয়া বরাদ্দের মধ্যে এত সংখ্যক বাড়ি তৈরির কাজ কেন শেষ হয়নি? তা নিয়ে ক্ষুব্ধ নবান্ন।

আবাস যোজনা প্রকল্পে আশানুরূপ কাজ না হওয়ায় একাধিক জেলার ভূমিকা নিয়ে ক্ষুব্ধ নবান্নের প্রশাসনিক কর্তা ব্যক্তিরা।

## সম্পাদকীয়

## আত্ম সমর্পণ করেন আড়িয়াদহের কুখয়াত জয়ন্ত সিং

চাপের মুখে ৩ তারিখ রাতে আত্ম সমর্পণ করেন আড়িয়াদহের কুখয়াত জয়ন্ত সিং। এখনও পুলিশ হেফাজতেই রয়েছেন। প্রশাসন এই মামলায় যতটা কড়া মনোভাব নিয়েছে তাতে এই মুহূর্তে তিনি জামিন পেয়ে বাড়ি ফিরবেন তেমন আশা করছেন না তাঁর পরিবারের লোকজনও।

আড়িয়াদহে মা ও ছেলেকে রাস্তায় ফেলে বেধড়ক মারের ঘটনা প্রকাশ্যে আসার পরেই সামনে আসে জয়ন্ত সিংয়ের কীর্তির সাতকাহন। এর আগে তৃণমূলের নেতা-মন্ত্রীদের কণ্ঠলগ্ন হয়ে নিজের প্রতাপ বাড়িয়েছেন এলাকায়। শ্রীবৃদ্ধিও হয়েছে সবকিছুর সঙ্গে সামঞ্জস্য রেখে। তাই তাঁকে দূর থেকে সেলাম করা অভেয়স করে ফেলেছেন এলাকার মানুষ। তিনি পুলিশ হেফাজতে আসার পরেই পরের পর জয়ন্তর গুন্ডামি আর নির্মম অত্যাচারের একাধিক ভিডিও প্রকাশ্যে এসেছে। শোরগোল পড়েছে রাজ্যজুড়ে। কিন্তু আতঙ্ক কাটেনি এতটুকুও। জয়ন্তর নামে এখনও কাঁপছে আড়িয়াদহের মৌসুমী মোড়।

তাতে কি! সময় গড়াচ্ছে যত ততই যেন আতঙ্ক গাঢ় হচ্ছে আড়িয়াদহের মৌসুমী মোড়ে।

পাড়ার মোড় ঘুরলেই চারতলা শিশমহল। ঠাঁটেবাঁটে অনেক দূর থেকেও চোখ আটকে যায়। এই বাড়িটাই এখন জয়ন্ত সিংয়ের পরিচয়। পড়শিরা বলছেন, এই সেদিনও গরুর দুধ বিক্রি করে সংসার চলত জয়ন্তদের। এখন তাঁর চকমিলানো দুধসাদা প্রাসাদ। কিন্তু কীভাবে দুধ বেচে এমন দুধসাদা প্রাসাদ হল তা অবশ্য জানা নেই কারও। কারণ জেনে ফেললেই যে জয়ন্তর খাতায় নাম উঠবে। তখন প্রাণ বাঁচানো দায়। সংসারী মানুষজন তাই সাবধানেই সরে থাকেন। এড়িয়ে চলেন জয়ন্ত সিং আর তার পরিবারকে।অবস্থা এমনই মৌসুমী মোড়ের এই বাড়িটা যে জয়ন্ত সিংয়ের তা সবার জানা থাকলেও, তিনি গ্রেফতারের সাতদিন পরেও তা গোচরে আসেনি সাংবাদিকদের।আসলে সবারই যে মুখে কুলুপ।কে আগ বাড়িয়ে কথা বলে তাঁর বিষ নজরে পড়তে চায়! অবশেষে তাঁর বাড়ির ছবি সামনে আসায় চোখ কপালে ওঠার জোগাড়। আগাগোড়া মার্বেলে মোড়া চারতলা প্রাসাদ যেন। বহুমূল্য দরজার কাঠ। বারান্দার সৌন্দর্য বাড়াতে লাগানো হয়েছে দামি কাচ। সেই বাড়ির কথা জানাজানি হতেই সাংবাদিকরা এখন ভিড় জমিয়েছেন সেখানেই। বাইরের মানুষ সব। তাই পড়শিদের অনেকেই ভাল ভেবে সাবধান করছেন। বলছেন, "বাড়ির চৌহদ্দিতে যাবেন না, কুকুর ছেড়ে দিতে পারে। ওরা সাংঘাতিক।" তবে এটুকুই। জয়ন্তর প্রসঙ্গে পাড়ার লোক মুখই খুলতে চাননি। যাকেই প্রশ্ন করা গেছে, তিনি সরে গেছেন দ্রুত। বৃহস্পতিবার সাংবাদিকদের পাহারা দিতে পুলিশও পোস্টিং হয় জয়ন্তর প্রাসাদের সামনে।

## আমরা স্বপ্ন দেখতে ভালোবাসি




মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)

দেশে সামরিক অভ্যুত্থান হলে প্রথমেই সংবাদমাধ্যমের কার্যালয় তারা দখল করে নেয়। এখন গণতান্ত্রিক ভাবে নির্বাচিত সরকারও হয়তো অন্য ভাবে গণমাধ্যম নিয়ন্ত্রণ করতে চায়। মনে রাখা দরকার, অনেক সংবাদপত্রেরই আয়ের বড় অংশ আসে সরকারি বিজ্ঞাপন থেকে। বর্তমানে সরকারি সেই বিজ্ঞাপন যেন আজ মাঠে মারা যাচ্ছে ,অনেক কাগজ আছে যারা সরকারি বিজ্ঞাপন এখন আর ঠিকমতো পায় না। না পাওয়ার ফলে কাগজের আর্থিক অবস্থা প্রচন্ড ভেঙে পড়েছে, আর সে কারণে সংবাদ পত্রিকার বহু সাংবাদিক কর্মীরা আজ যেন জীবনে চলার পথে বহু বাধা ক্রমাগত বেড়েই চলেছে। প্রসঙ্গে বলতে গেলে বলতে হয়,আমাদের দেশে সাংবাদিকরা কতটা স্বাধীন ভাবে কাজ করতে পারেন? ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইন্ডেক্স ২০১৭ অনুযায়ী, ১৮০টি দেশের তালিকায় ভারতের স্থান ছিল ১৩৬ নম্বরে। ২০১৬ সালে ছিল ১৩৩ এবং তার আগের বছর ছিল আবার সেই ১৩৬ নম্বরেই। মানে সামান্যতম হেরফেরটুকু বাদ দিলে ভারতে সাহসী সাংবাদিকতার পরিসর প্রায় নেই বললেই চলে। একটি গণতান্ত্রিক রাষ্ট্র যদি নিরাপত্তা না দেয়, তা হলে সাংবাদিকরা কী ভাবে নিরপেক্ষ সংবাদ পরিবেশন করবেন? সাংবাদিকরা যদি নিরপক্ষ ভাবে কাজই না করতে পারেন তা হলে সাবেক সোভিয়েত ইউনিয়নের ধাঁচে প্রাভদা (যার বাংলা তর্জমা করলে হয় সত্য) এবং বর্তমান চিনের জিনহুয়া সংবাদসংস্থার মতো একটি সংস্থা খুললেই হয়। চিনে যে ৪২টি দৈনিক সংবাদপত্র রয়েছে, প্রতিটিই শাসকদলের এবং সবকটি সংবাদপত্রের খবর ও ছবির মূল উৎস হল জিনহুয়া। সব কিছুর পিছনে একটা কমাগত অন্যরাই ও তার ইতিহাস বর্তমান স্মৃতিতে ভেসে উঠছে, সেই ইতিহাস চর্চা আর সে কথাগুলো আমার কলমে আজ কয়েকটা স্মৃতি তুলে ধরতে চাই।সামরিক অভ্যুত্থান না হলেও এ দেশে ১৯৭৫ সালে জরুরি অবস্থা জারি করা হয়েছিল। সেই সংবাদ 'চেপে দেওয়া'র জন্য সেই রাতে রাজধানী দিল্লির বহু সংবাদপত্রের অফিসে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছিল বলে তৎকালীন সময়ের সাংবাদিকদের কাছে শুনেছি। সেই সময় (এখনও) আকাশবাণী ও দূরদর্শন ছিল কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণে এবং অন্য কোনও বৈদ্যুতিন মাধ্যম ছিল না।দেশে জরুরি অবস্থা চলার সময় অনেক সাংবাদিককে কারাবাস করতে হয়েছে। নিয়মিত 'সেন্সর' করা হয়েছে সংবাদ ও ব্যঙ্গচিত্র। সেই সময় কে শঙ্কর পিল্লাইয়ের জনপ্রিয় কার্টুন পত্রিকা শঙ্করস উইকলিও বন্ধ হয়ে যায়। সাংবাদিকতা জীবন থেকে একটু দূরে চলে গেলে সব জানো ইতিহাস চর্চার পিছনে আবছা অন্ধকারের মত আলো আঁধারে স্বপ্নে বিভোর । তবে দেশের তুলনায় পশ্চিমবাংলার সাংবাদিকরা অনেকটাই সুস্থ মানসিকতার সাথে আজ সাংবাদিকতা করতে পারছে সেটা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দৌলতে।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## রাশিয়ার সর্বোচ্চ নাগরিক সম্মাননা দেয়া হল মোদিকে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে সর্বোচ্চ নাগরিক সম্মাননা দিয়েছে রাশিয়া। সোমবার দুই দিনের সফরে রাশিয়া যান তিনি। তাকে রাশিয়ার অর্ডার অব সেন্ট অ্যান্ড্রু দ্য অ্যাপোস্টল প্রদান করেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

সোমবার মস্কোতে পৌঁছান নরেন্দ্র মোদি। বিমানবন্দরে রাজকীয় অভ্যর্থনা জানানো হয় তাকে। এসময় ইউক্রেন যুদ্ধ নিয়ে আলোচনা করে এই দুই বিশ্ব নেতা। রক্তক্ষয়ী এই সংঘর্ষ নিয়ে পুতিনকে মোদি বলেন, 'ভারত জাতিসংঘের সনদকে সম্মান করে। পারস্পরিক ঐক্য এবং সার্বভৌমত্বকে সম্মান করায় বিশ্বাস রাখি আমরা। সেই ভাবনা থেকেই আমি মনে করি, যুদ্ধ কোনো সমস্যার সমাধান হতে পারে না। যুদ্ধক্ষেত্রে কখনো এর সমাধানসূত্র পাওয়া যাবে না। বৈঠক ও কূটনৈতিক আলোচনার মাধ্যমেই শান্তির পথ খুঁজে বের করা সম্ভব।'

এদিকে দীর্ঘ চার দশকের বেশি সময় পর অস্ট্রিয়া সফরে গেছেন প্রধানমন্ত্রী মোদি। সর্বশেষ ১৯৮৩ সালে ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী অস্ট্রিয়া সফর করেছিলেন।

## নির্বাচনি দৌড় থেকে বাইডেনকে সরে দাঁড়ানোর আহ্বান ক্লুনির



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রে নির্বাচনি দৌড় থেকে প্রেসিডেন্ট জো বাইডেনকে সরে যাওয়ার আহ্বান জানিয়েছেন তার সবচেয়ে বড় সমর্থকদের একজন এবং ডেমোক্র্যাটিক দলের শীর্ষ অর্থ সংগ্রাহক জর্জ ক্লুনি।

এর কয়েক ঘণ্টা আগেই ঊর্ধ্বতন ডেমোক্র্যাট ও সাবেক হাউজ স্পিকার ন্যান্সি পেলোসিও বাইডেনকে নির্বাচনে তার প্রার্থিতার বিষয়ে দ্রুতই সিদ্ধান্ত নেওয়ার তাগাদা দিয়েছিলেন।

তিনি বলেছিলেন, প্রেসিডেন্ট সরে দাঁড়াবেন কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার তার ব্যাপার। কিন্তু গত মাসের বিপর্যয়কর নির্বাচনী বিতর্কের পর আমরা তাকে প্রার্থিতার বিষয়ে সিদ্ধান্ত নিতে বলছি। কারণ হাতে খুব বেশি সময় নেই।

হলিউড অভিনেতা এবং ডেমোক্র্যাটিক পার্টির অর্থ সংগ্রাহক জর্জ ক্লুনির কণ্ঠেও শোনা গেল একই সুর। বুধবার (১০ জুলাই) তিনি বলেছেন, প্রেসিডেন্ট তার ক্যারিয়ারে অনেক লড়াইয়েই জিতেছেন। কিন্তু একটি লড়াইয়ে তিনি জিততে পারেননি। আর তা হচ্ছে সময়ের বিপরীতে লড়াই।

দ্য নিউ ইয়র্ক টাইমস পত্রিকায় মতামত বিভাগে ক্লুনি লেখেন, আমি জো বাইডেনকে একজন সিনেটর, ভাইস প্রেসিডেন্ট এবং প্রেসিডেন্ট হিসাবে ভালবাসি। আমি তাকে বন্ধুও মনে করি। তার ওপর আমার বিশ্বাস আছে।

কিন্তু গত ১৫ জুনের অর্থ সংগ্রহ অনুষ্ঠানে তিনি যে বাইডেনকে দেখেছেন সে ২০১০ সালের বাইডেন, এমনকী ২০২০ সালের বাইডেনের মতোও ছিল না বলে ক্লুনি উল্লেখ করেন। তিনি বলেন, বাইডেন হচ্ছেন সেই একই মানুষ যাকে আমরা সবাই নির্বাচনি বিতর্কে (২৭ জুন) দেখেছি। এটি বয়সের ব্যাপার। আমরা এই প্রেসিডেন্টকে নিয়ে নভেম্বরের নির্বাচনে জিততে পারব না।

যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে সমালোচিত নির্বাচনি বিতর্কের ১২ দিন পর বাইডেন এখন তার রাজনৈতিক অস্তিত্ব রক্ষার জন্য অভ্যন্তরীন ও বৈশ্বিক নজরদারির মধ্যে তীব্র লড়াই করছেন।

সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের সঙ্গে জুনে সিএনএন এর আটলান্টা স্টুডিওতে প্রথম মুখোমুখি বিতর্কে বাইডেনের শোচনীয় পরাজয়ের পর থেকেই লাভ-ক্ষতির হিসাব-নিকাশ করছেন ডেমোক্র্যাটরা।

গত কয়েকদিনে বাইডেন তীব্র সমালোচনার মুখে পড়েছেন। নির্বাচনি বিতর্কে হারার পর থেকেই বাইডেন ডেমোক্র্যাটদের উদ্বেগ নানাভাবে চেষ্টা করেও কমাতে পারছেন না। নির্বাচনি দৌড় থেকে বাইডেনের সরে যাওয়ার আহ্বান ক্রমেই জোরাল হচ্ছে। বাইডেনের মানসিক ও শারিরীক সক্ষমতা নিয়ে সংশয় সৃষ্টি হয়েছে ডেমোক্র্যাটদের মধ্যে।

বাইডেনকে সমর্থন করেন এমন বেশ কয়েকজন নির্বচনি প্রচারে জয়ের পথে এগুতে বাইডেনের কৌশল এবং সক্ষমতা নিয়ে সংশয় প্রকাশ করেছেন।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

লেখার শুরুতে নিজস্ব কিছু কথা না বললে এই লেখাটি মনে হয় সম্পূর্ণ হবে না। জন্মের পর হইতে বড় হয়ে আমি দেখেছি, আমার বাড়ির লোকেরা শাসনকর্তা ছিলেন।দক্ষিণ ২৪ পরগনা জেলার হোটরের রত্না গ্রামের সদ্দার পরিবারের যে রাজবাড়িটি ,সেই রাজবংশের বংশধর আমরা।ভাগ্যের পরিহাস আজ হয়তো আমরা সেই জায়গাতে নেই, সুন্দরবনের জঙ্গল হাসিল করে আমার পিতামহ সুন্দরবনের হেদিয়া বসবাস শুরু করেছিল, যা হেদিয়াবাদ মৌজা নামে পরিচিত।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## যেভাবে নারীদের মন জয় করেন শাহরুখ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের সবচেয়ে বড় রোমান্টিক তারকা বলে মনে করা হয় শাহরুখ খানকে। তাই পুরুষ ও নারী উভয় ভক্তের পরিমাণও বেশি তার। তবে নারী ভক্ত যেন নায়কের সবচেয়ে বেশি। বিশেষ করে অভিনেতার ৮ থেকে ৮০ বছরের নারী অনুরাগী রয়েছেন বিশ্বজুড়ে। কিন্তু কেন তার প্রতি মুগ্ধ হন নারীরা?

পুরেনো এক সাক্ষাৎকারে শাহরুখ নারী ভক্তদের নিয়ে মন্তব্য করেছিলেন। জানিয়েছিলেন, ঠিক কী কারণে তার এত এমন ভক্ত রয়েছে।

সাক্ষাৎকারে শাহরুখ নিজেই জানিয়েছিলেন নারীরা ঠিক কেন তাকে পছন্দ করেন। বলিউড বাদশা বলেছিলেন, রোম্যান্স কীভাবে করা যায় আমি জেনে গিয়েছি। নারীরা আমায় কেন পছন্দ করে, আমি বুঝে গিয়েছি। ৬ থেকে ৬০, বা ৯০ যেকোনো বয়সের নারীর সঙ্গেই আমার দেখা হোক না কেন, আমি তাদের এত সম্মান দিই যে সবাই আমায় ভালোবেসে ফেলেন।

বিভিন্ন সিনেমার প্রচারেও দেখা গেছে, সহ-অভিনেত্রীদের কতটা সম্মান করেন তিনি। নারী ভক্তদের সঙ্গেও তার ব্যবহার চোখে পড়ার মতো।

অভিনেতা বলেন, আমি অনেক গান গেয়েছি, কবিতা বলেছি, নেচেছি, মজা করেছি, অদ্ভুত অদ্ভুত কথা বলেছি। সেজন্য নয়, আমার চেহারার জন্য তো নয়ই। নারীদের সম্মান দিই, এই একটি কারণেই তারা আমায় পছন্দ করেন। নারীরা শুধুই সম্মান পেতে চান। হতেই পারে তাদের শারীরিক চাহিদা বা অন্য চাহিদাও রয়েছে। কিন্তু নারীরা পুরুষদের থেকে সম্মানটাই সবচেয়ে বেশি প্রত্যাশা করেন। আমি সেটাই করি।

উল্লেখ্য, ২০২৩-এ পর পর তিনটি সিনেমা মুক্তি পেয়েছে শাহরুখের। এই মুহূর্তে তিনি তার আসন্ন সিনেমা 'কিং'-এর কাজ নিয়ে ব্যস্ত। এছাড়া তার হাতে রয়েছে 'টাইগার ভার্সাস পাঠান' নামে একটি সিনেমা।



## চিকিৎসা পরামর্শ দিয়ে বিপাকে দক্ষিণী নায়িকা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সামাজিক যোগাযোগমাধ্যমে চিকিৎসা পরামর্শ দিয়ে এক চিকিৎসকের তোপের মুখে পড়েছেন ভারতের দক্ষিণী অভিনেত্রী সামান্থা রুথ প্রভু। ফুসফুস সংক্রান্ত সমস্যার জন্য হাইড্রোজেন প্রি-অক্সাইড নেবুলাইজশন ব্যবহারের পরামর্শ দিয়েছিলেন অভিনেত্রী। নেবুলাইজার মাস্ক পরে একটি ছবিও পোস্ট করেছিলেন সামাজিক যোগাযোগমাধ্যমে। এই চিকিৎসা পদ্ধতি সুলভ ও কার্যকরী বলে দাবি করেছিলেন তিনি।

তার এই পরামর্শে বেশ চটেছেন সিরিয়াক অ্যাবি ফিলিপস নামে এক চিকিৎসক। তিনি জানান, এই পদ্ধতি শরীরে খারাপ প্রভাব ফেলতে পারে। সিরিয়াকের দাবি, সামান্থা স্বাস্থ্য বিষয়ে কিছুই জানেন না। না জেনে এভাবে প্রকাশ্যে চিকিৎসা পরামর্শ দেয়া রীতিমতো অপরাধ। তার শাস্তি হওয়া উচিত বলেও দাবি করেন ওই চিকিৎসক।

চিকিৎসকের কটাক্ষের পাল্টা জবাবও দিয়েছেন অভিনেত্রী। সমাজিক যোগাযোগমাধ্যমে লম্বা পোস্টে তিনি লেখেন, 'গত কয়েক বছরে নানা রকমের ওষুধ খেয়েছি। আমায় যা যা করতে বলা হয়েছে, সব করেছি। বিশেষজ্ঞদের পরামর্শ নিয়েছি এবং নিজেও যতটা সম্ভব গবেষণা করে দেখেছি।'

অভিনেত্রী তার পোস্টে জানান, তাকে যে চিকিৎসার পরামর্শ প্রথমে দেয়া হয়েছিল সে গুলি বেশ খরচসাপেক্ষ। তাই বিকল্প হিসেবে এই নতুন পদ্ধতির চিকিৎসার সাহায্য নিয়েছেন তিনি। তবে এই নতুন পদ্ধতির চিকিৎসাও বিশেষজ্ঞের পরামর্শ নিয়েই তিনি করেছেন বলে জানান।

আত্মপক্ষ সমর্পণ করে সামান্থা তার পোস্টে লিখেছেন, 'দিনের শেষে আমরা শিক্ষিত চিকিৎসকদেরই পরামর্শ নিই। এই নতুন পদ্ধতির চিকিৎসার পরামর্শ আমায় একজন অভিজ্ঞ চিকিৎসকই দিয়েছিলেন। ২৫ বছরের অভিজ্ঞতা তার।'

চিকিৎসকের নাম না করে অভিনেত্রী লিখেছেন, এক ভদ্রলোক খুব কড়া ভাষায় আমায় আক্রমণ করেছেন। তিনিও একজন চিকিৎসক। আমার কোনো সন্দেহ নেই যে তিনি আমার থেকে অনেক বেশি জানেন। তার উদ্দেশ্যও সৎ, এই নিয়েও আমার কোনো দ্বিধা নেই। কিন্তু এই ধরনের শব্দ তিনি ব্যবহার না করলেও পারতেন। এক জায়গায় তিনি বলেছেন যে আমায় জেলের ভিতর ছুড়ে ফেলা উচিত। মেনে নিলাম, একজন সেলেব্রিটি বলে এটুকু শুনতে হতেই পারে।

অভিনেত্রী আরো লিখেছেন, আমি এক জন সাধারণ মানুষ হিসেবে পোস্টটা করেছি। কোনো সেলেব্রিটি হিসেবে নয়। এই পোস্টটি করে কিন্তু আমি কোনো টাকা পাইনি। নিজে যে চিকিৎসা পদ্ধতির মধ্যে দিয়ে যাচ্ছি, সেটা অন্যদের জন্য তুলে ধরেছি মাত্র কারণ এই পদ্ধতি তেমন খরচসাপেক্ষ নয়।

মাঝে মধ্যেই খবরের শিরোনামে উঠে আসেন দক্ষিণী এই অভিনেত্রী। কখনও সুপারহিট 'পুষ্পা' সিনেমার আইটেম গান, তো কখনও শারীরিক অসুস্থতা বা নাগা চৈতন্যের সঙ্গে তার বিবাহবিচ্ছেদ নিয়ে চর্চা। বিবাহবিচ্ছেদের পর নাগা ও সামান্থা নিজের মতো করে জীবন গুছিয়ে নিয়েছেন। সামান্থা নতুন কোনো সম্পর্কে না জড়ালেও, শোনা যাচ্ছে, অভিনেত্রী শোভিতা ধুলিপালার সঙ্গে নতুন সম্পর্কে জড়িয়েছেন নাগা চৈতন্য।

## স্তন ক্যান্সার আক্রান্ত হিনার আবেগঘন বার্তা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্তন ক্যান্সারে আক্রান্ত হয়েছেন ভারতীয় মডেল-অভিনেত্রী হিনা খান। সম্প্রতি তিনি নিজেই এ তথ্য সামনে এনেছেন। জানা গেছে, ক্যান্সারের অ্যাডভান্স স্টেজে রয়েছেন হিনা, বর্তমানে কেমোথেরাপি চলছে। স্বাভাবিক নিয়মেই তাই চুল উঠে যাচ্ছে। পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে তাই নিজের চুল নিজের হাতেই কেটে ফেললেন হিনা।

সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যম ইনস্টাগ্রামে একটি আবেগঘন ভিডিও শেয়ার করেছেন হিনা। ভিডিওটিতে দেখা যায় মাথার প্রিয় লম্বা চুলগুলো আয়নার সামনে বসে নিজ হাতেই কেটেছেন অভিনেত্রী। পাশেই বসে আছেন মা। তিনি ভারাক্রান্ত। কিন্তু অভিনেত্রীর ঠোঁটের কোণে হাসি। মাকে সান্ত্বনা দিয়ে বলেছেন, সামান্য চুলই তো মা। তুমি তো কতবার ছোট করে চুল কেটেছ।

ভিডিও ক্যাপশনে তার মায়ের আবেগ নিয়ে লিখেছেন হিনা লিখেছেন, মায়ের কান্নার আওয়াজ আপনারা শুনতে পাচ্ছেন। জীবনে যা কল্পনা করার সাহসও হয়নি, আজ তার সাক্ষী থাকলেন তিনি। চুল কাটার পরে হিনাকে দেখে কেঁদে মেয়েকে জড়িয়ে ধরেন অভিনেত্রীর মা। ভিডিওর সঙ্গে ক্যাপশনে হিনা আরও লিখেছেন, বহু মানুষ এই কঠিন রোগের সঙ্গে লড়ছেন, বিশেষ করে নারীদের জন্য এটা আরও কঠিন। চুল হলো নারীদের কাছে মুকুটের সমান। লড়াই করতে গেলে এই মুকুট ও গর্ব খুলে মাঠে নামতে হয়। চুল তো আবার গজাবে, ভ্রু আবার তৈরি হবে, ক্ষত শুকিয়ে যাবে। কিন্তু মনের জোর একই থাকবে।

তৃতীয় পর্যায়ের ক্যান্সারের খবর দিয়ে হিনা বললেন, আশা করি সেরে উঠব। গত কয়েক দিন ধরেই হিনা খানের ক্যান্সার আক্রান্ত হওয়ার খবর ভক্ত-অনুরাগীদের আবেগে ভাসিয়েছে। সাহসের সঙ্গে লড়ে যাওয়া নিয়ে প্রশংসা পাচ্ছেন অভিনেত্রী।

## বিশ্বখ্যাত অন্তর্বাস সংস্থার সঙ্গে চুক্তি! ফাঁস প্রিয়াঙ্কার 'সিক্রেট'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** হলিউডে সাফল্যের একের পর এক ধাপ পেরিয়ে চলেছেন প্রিয়াঙ্কা চোপড়া। এবার তার এই সাফল্যের মুকটে যুক্ত হল এক ভিন্ন রঙের পালক। বিশ্বখ্যাত অন্তর্বাস সংস্থার সঙ্গে গাঁটছড়া বাঁধলেন নায়িকা। হলেন পার্টনার। সোশাল মিডিয়াতেই ফাঁস 'সিক্রেট'।

নিজের এই 'সিক্রেট' প্রিয়াঙ্কা নিজেই ফাঁস করেছেন। আসলে আন্তর্জাতিক অন্তর্বাস প্রস্তুতকারক সংস্থা 'ভিক্টোরিয়া'স সিক্রেট'-এর পার্টনার হয়েছেন 'দেশি গার্ল'। সোশাল মিডিয়ায় এই সুখবর দিয়ে অভিনেত্রী লিখেছেন, "'ভিক্টোরিয়া'স সিক্রেট'-এর পার্টনার হতে পেরে আমি রোমাঞ্চিত। কারণ আমরা একসঙ্গে লিঙ্গভিত্তিক সমতার দিকে অগ্রসর হব আর ভিক্টোরিয়া'স সিক্রেট ইমপ্যাক্ট ফান্ডের সঙ্গে মিলে ভিএস২০ কমিউনিটির কণ্ঠ হিসেবে কাজ করব।"

প্রিয়াঙ্কা জানান, তারা একসঙ্গে ল্যাতিন আমেরিকার মহিলাদের স্বাস্থ্য ও আর্থিক পরিস্থিতির উন্নয়নের জন্য কাজ করবেন। ইউকের মহিলাদের কারিগরি শিক্ষাও দেয়া হবে। আর কলম্বিয়ার মহিলারা পাবেন ফেলোশিপ। অভিনেত্রীর কথায়, 'সারা বিশ্বের নারীদের ক্ষেত্রে লিঙ্গভিত্তিক সমতা আর অর্থনৈতিক উন্নতির জন্য এই ধরনের পার্টনারশিপ প্রয়োজন।'

উল্লেখ্য, ১৯৭৭ সালে অর্থাৎ ৪৭ বছর আগে 'ভিক্টোরিয়া'স সিক্রেট' শুরু হয়েছিল। সময়ের সঙ্গে সঙ্গে এই ব্র্যান্ডের সুখ্যাতি সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। নয়ের দশকে আবার 'ভিক্টোরিয়া'স সিক্রেট ফ্যাশন শো' শুরু হয়। তাতেই ব্র্যান্ডের সাফল্য আকাশছোঁয়া হয়। সারা বিশ্বের নামী মডেলরা এই ব্র্যান্ডের সঙ্গে কাজ করতে মুখিয়ে থাকেন। এমন ব্র্যান্ডের সঙ্গে এবার প্রিয়াঙ্কা চোপড়ার নাম যুক্ত হল। তাতেই শুভেচ্ছা বন্যা সোশাল মিডিয়ায়।

## বলিউড শীর্ষ পাঁচ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ১. কল্কি ২৮৯৮ এডি

২. কিল ৩. কুকি

৪. শর্মাজি কি বেটি

৫. রাউতু কা রাজ

'ইয়েভাডে সুব্রামানিয়াম' (২০১৫), 'মহানটি' (২০১৮) এবং 'পিট্টা কাঠালু' (২০২১) ফিল্মগুলোর জন্য খ্যাত তেলুগু পরিচালক নাগ আশ্বিন পরিচালিত সায়েন্স ফিকশন ফিল্ম।

ভবিষ্যতের একটা সময়, সাল ২৮৯৮। ভৈরবা (প্রভাস) একজন বাউন্টি হানটার, পলাতক অপরাধীদের খুঁজে পেয়ে মৃত বা জীবিত কর্তৃপক্ষের কাছে তার প্রমাণ জমা দিয়ে সে জীবিকা চালায়, এটাই তার পেশা। এর মধ্যে সব মহানগরের পতন হয়েছে। একমাত্র কাশীই রয়েছে, তবে সেখানের মানুষও খুব কষ্টে টিকে আছে। ভৈরবার স্বপ্ন যথেষ্ট অর্থ জমিয়ে মানব অধ্যুষিত সর্বশেষ নগর কাশীর কমপ্লেক্স নামের অভিজাত আবাসিক এলাকায় সে বসবাস করবে। মানস (শাশ্বত চ্যাটার্জি) নামে এক কমান্ডার এই কমপ্লেক্সের শাসক। মানস একমাত্র সুপ্রিম ইয়াসকিনের (কমল হাসন) কাছেই দায়বদ্ধ। ইয়াসকিন বেশ আগে একটি পরীক্ষামূলক প্রকল্প শুরু করেছিল যার নাম প্রজেক্ট কে। এই প্রকল্পের অধীনে বেশ কিছু সন্তানসম্ভবাকে গোপন জায়গায় আটকে রাখা হয়েছে। এই সন্তানসম্ভবাদের একজন সুমতি (দীপিকা পাড়ুকোন)। সুমতির এক সহকর্মী লিলি (কাব্য রামাচন্দ্রন) এক বিদ্রোহী দলের সদস্য। কমপ্লেক্সের বাসিন্দা আর সেনাবাহিনীর অলক্ষ্যে এই বিদ্রোহীরা শাম্বালা নামে এক আস্তানায় থাকে। সুমতিকে হত্যা করার আগেই লিলি তাকে কমপ্লেক্স থেকে বের করে আনে। এর ফলে সুমতি আর লিলিকে ধরবার জন্য পুরস্কার ঘোষণা করা হয়, আর ভৈরবাকে দায়িত্ব দেয়া হয় এই কাজের। এদিকে অমরত্ব লাভকারী অশ্বত্থামাকে ঘুম থেকে জাগিয়ে তোলা হয়। যে কোনও মূলে সে সুমতির জীবন বাঁচাবে। দুই মহাশক্তিশালী মানুষ ভৈরবা আর অশ্বত্থামা পরস্পরের মুখোমুখি হয়।

## অশ্লীল উদযাপনের কারণে
# এক ম্যাচ নিষিদ্ধ বেলিংহাম



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** স্লোভাকিয়ার বিপক্ষে শেষ ষোলোর ম্যাচটিতে যোগ করা সময়ে গোল করে ইংল্যান্ডকে সমতায় ফেরান জুড বেলিংহাম। গোলটি করার পরেই নিজের চিরচেনা উদযাপন করেন বেলিংহাম- দুই হাত দুদিকে প্রসারিত করে। তবে এরপর যা করেছেন তার জন্য শাস্তি পেয়েছেন ইংল্যান্ডের মিডফিল্ডার। অশ্লীল অঙ্গভঙ্গি করায় এক ম্যাচ নিষিদ্ধ হয়েছেন তিনি। সঙ্গে বাংলাদেশি মুদ্রায় প্রায় ৩৮ লাখ টাকা জরিমানাও গুণতে হবে তাঁকে।

বেলিংহামের শাস্তির বিষয়টি শুক্রবার এক বিবৃতি দিয়ে নিশ্চিত করেছে উয়েফা। বিবৃতিতে লিখেছে, 'ইংলিশ ফুটবলার বেলিংহামকে প্রায় ৩৮ লাখ টাকা জরিমানা করা হয়েছে। সঙ্গে আচরণবিধি ভঙ্গ করায় উয়েফা প্রতিযোগিতার এক ম্যাচে তাকে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।'

তবে এই নিষেধাজ্ঞা এখনই কার্যকর হচ্ছে না। এক ম্যাচ নিষেধাজ্ঞার বিষয়টি নিয়ে উয়েফা বিবৃতিতে লিখেছে, 'এখনই নিষেধাজ্ঞা কার্যকর হবে না। তবে আজ (শুক্রবার) থেকে আগামী এক বছরের মধ্যে এই নিষেধাজ্ঞা কাটাতে হবে তাকে।'

উয়েফার এমন সিদ্ধান্তে নিশ্চিতভাবেই হাফ ছেড়ে বেঁচেছে ইংল্যান্ড। সুইজারল্যান্ডের বিপক্ষে শেষ আটের গুরুত্বপূর্ণ ম্যাচে তাই বেলিংহামের আর খেলতে কোনো বাধা নেই।

## জুন মাসের সেরার লড়াইয়ে
# ২ ভারতীয় সঙ্গে গুরবাজ





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মুম্বাইয়ের রাস্তায় ছাদখোলা বাসে শিরোপা উদযাপনে দেশটির টি-টোয়েন্টি বিশ্বকাপজয়ী দলের সদস্যরা। এমন খুশির দিনে আরও আইসিসি থেকে বড়ই খুশির সংবাদ পেল টিম ইন্ডিয়া। বিশ্বকাপ শেষে আইসিসির জুন মাসের সেরা খেলোয়াড়ে তিন জনের দুইজনই ভারতের। তারা হলেন অধিনায়ক রোহিত শর্মা, পেসার জাসপ্রীত বুমরাহ। তাদের সঙ্গে প্রতিযোগিতায় রয়েছেন আরও একজন। সবাইকে চমকে দিয়ে বিশ্বকাপের সেমিফাইনাল খেলা আফগানিস্তানের রহমানুল্লাহ গুরবাজ। ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে বসা এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপটা দুর্দান্ত কেটেছে বুমরাহর। ভারতের শিরোপা জয়ে সবচেয়ে বড় অবদান ডানহাতি এই পেসারের। গত মাসের বৈশ্বিক আসরে মাত্র ৮.২৬ গড় ও ওভারপ্রতি ৪.১৭ রান খরচায় ১৫ শিকার তার। ফাইনালে অবিশ্বাস্য বোলিং করে ১৮ রান দিয়ে নেন দুই উইকেট।

ভারতীয় অধিনায়ক রোহিত সুপার এইটে অস্ট্রেলিয়ার বিপক্ষে খেলেন ৯২ রান বিধ্বংসী ইনিংস। পরে সেমি-ফাইনালে তার ব্যাট থেকে আসে ৫৭ রান। সব মিলিয়ে আসর জুড়ে করেন ২৫৭ রান। সঙ্গে দুর্দান্ত নেতৃত্ব দিয়ে জায়গা করে নিলেন মাস সেরার লড়াইয়ে।

অন্যদিকে, প্রথমবারের মতো বিশ্বকাপের সেমিফাইনাল খেলে আফগানিস্তান। তবে শেষ চারের লড়াই থেকে বিদায় নিলেও ব্যাট হাতে সর্বোচ্চ রান সংগ্রহ করেন গুরবাজ। দলের সেমিফাইনাল খেলার পেছনেও তার অবদান সিকিভাগ। ৮ ম্যাচে করেন ২৮১ রান। প্রথম দুই ম্যাচে ৭৬ ও ৮০ রানের পর সুপার এইটে অস্ট্রেলিয়াকে হারানোর ম্যাচেও খেলেন ৬০ রানের চমৎকার ইনিংস।

## আক্ষেপ নিয়ে টনি ক্রুসের বিদায়



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** স্পেনের বিপক্ষে হেরে এবারের ইউরো মিশন শেষ হয়েছে জার্মানির। ঘরের মাঠে অন্যতম ফেভারিট হিসেবে খেলেও শিরোপা ঘরে তুলতে পারল না দলটি। সেই আক্ষেপ নিয়েই আন্তর্জাতিক ফুটবলকে বিদায় জানিয়েছেন টনি ক্রুস। বিদায়ের দিনে অনেকটা আবেগজড়িত কণ্ঠেই জানিয়েছেন, আরেকটু থাকতে চেয়েছিলেন তিনি।

ম্যাচ শেষে টনি ক্রুস বলেন, 'আমরা যা করেছি তার জন্য গর্ববোধ করতে পারি। দলকে সাহায্য করতে পেরে আমি খুশি। আমার ধারণা, আমরা জার্মান ফুটবলকে আবারও আশা দেখিয়েছি এবং সময় যত এগিয়েছে দল হিসেবে আমরা তত ভালো হয়েছি। এই দলটা ভবিষ্যতে আরও ভালো করবে। কিন্তু আজকে আমাদের অনেক মন খারাপ, কারণ আমরা আরেকটু সময় থাকতে চেয়েছিলাম।' নিজের শেষ ম্যাচেও মাঠে অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করেছেন ক্রুস। তার ট্যাকলেই ম্যাচের অষ্টম মিনিটে আহত হয়ে মাঠ ছাড়তে হয়েছে স্প্যানিশ তারকা পেদ্রিকে। প্রতিপক্ষের সবচেয়ে বিপজ্জনক স্ট্রাইকার লামিন ইয়ামালকেও আটকে রেখেছেন তিনি। তবে জার্মানির স্বপ্নভঙ্গ হয়েছে ১১৯তম মিনিটে করা মিকেল মোরেনোর গোলে।

শ্বাসরুদ্ধকর ম্যাচে ৫১ মিনিটে গোল করে এগিয়ে যায় স্পেন। জার্মানি ওই গোল পরিশোধ করেছে ম্যাচ শেষের স্রেফ ১ মিনিট আগে। নির্ধারিত সময়ের খেলা ড্র হওয়ায় ম্যাচ গড়ায় অতিরিক্ত সময়ে। অতিরিক্ত সময়ের শেষ মিনিটে দানি ওলমোর দুর্দান্ত এক ক্রসে মাথা ছুঁয়ে গোল করেন স্পেনের মোরেনো। আর তাতেই ইউরো থেকে ছিটকে যায় জার্মানি। বিদায় হয়ে যায় টনি ক্রুসেরও।

## বাবর-রিজওয়ান-শাহিনদের
# ছাড়পত্র দেয়নি পিসিবি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিভিন্ন লিগে খেলার জন্য ১২ জন ক্রিকেটারকে ছাড়পত্র দিয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। তবে কেন্দ্রীয় চুক্তিতে থাকা ত্রয়ী পাকিস্তানের অধিনায়ক বাবর আজম, উইকেটরক্ষক মুহাম্মদ রিজওয়ান ও পেসার শাহিন শাহ আফ্রিদিকে গ্লোবাল টি-টোয়েন্টি কানাডা লিগে অংশগ্রহণের জন্য ছাড়পত্র দেয়নি বোর্ডটি। এটা কোনও শাস্তির অংশ কিনা সেটাও জানা যায়নি।

পাকিস্তান ক্রিকেটের অবস্থা বর্তমান টালমাটাল। ওয়ানডে বিশ্বকাপের পর সদ্য শেষ হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপেও গ্রুপ পর্ব থেকে বিদায় নেয় দলটি। এরপর ক্রমাগত সম্মুখীন হচ্ছে সমালোচনার। পাকিস্তান ক্রিকেট বোর্ডও নিয়েছে কঠোর অবস্থান। খেলোয়াড়দের লাগাম টেনে ধরতে বিদেশী টি-টোয়েন্টি লিগে অংশগ্রহণের বিষয়ে পিসিবি কঠোর ব্যবস্থা নেবে বলে খবর ছিল।

বাবর-রিজওয়ান-শাহিনের কানাডায় খেলতে না দেওয়ার বিষয়ে কথা বলতে গিয়ে এক পিসিবি কর্মকর্তা বলেছেন, 'পিসিবি গ্লোবাল লিগের মর্যাদা নিয়ে স্বাচ্ছন্দ্য বোধ করে না এবং আয়োজক ও আইসিসির কাছ থেকে কিছু তথ্য চেয়েছে। যে কারণে এনওসি ইস্যুতে বিলম্ব হচ্ছে।'

গ্লোবাল টি-টোয়েন্টি কানাডা লিগের এবারের আসর শুরু হবে আগামী ২৫ জুলাই, চলবে ১১ অগাস্ট পর্যন্ত।

এদিকে ইউএসএ মেজর লিগ ৮ জুলাই থেকে ২৮ জুলাই পর্যন্ত চলবে। এই টুর্নামেন্টের জন্য হারিস রউফ, আবরার আহমেদ, জামান খানকে ছাড়পত্র দেওয়া হয়েছে। অন্যদিকে মুহাম্মদ হারিস, মুহাম্মদ হাসনাইন, সালমান আলি আঘা, শাদাব খানকে লঙ্কা প্রিমিয়ার লিগের জন্য ছাড়পত্র দেওয়া হয়েছে। এই টুর্নামেন্টটি ২১ জুলাই শেষ হবে।

আগামী ২৯ অগাস্ট থেকে ৬ অক্টোবর পর্যন্ত ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগের জন্য ফখর জামানকে এবং ২৩ জুলাই থেকে ২০ অগাস্ট পর্যন্ত চলা দ্য হান্ড্রেড জন্য উসামা মীর এবং কাউন্টি ক্রিকেটের জন্য মুহাম্মদ আমিরকে ছাড়পত্র দেওয়া হয়েছে। তবে বিস্ময়করভাবে সিপিএলের জন্য তরুণ সাইম আইয়ুব এবং আজম খানকে ছাড়পত্র দেয়নি পিসিবি।


## রোহিতের কথায়
# পান্ডিয়ার চোখে জল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিশ্বকাপ জয়ের পর দেশে ফেরেন ভারতের ক্রিকেটাররা। দেশে ফিরে সমর্থকদের আবেগ দেখে রীতিমতো অবাক রোহিত শর্মা। প্রথমে নয়াদিল্লি, পরে মুম্বাই যান তিনি। সেখানে অর্থাৎ ঘরের মাঠে (ওয়াংখেড়ে) কথা বলতে গিয়ে শুরুতেই হার্দিক পান্ডিয়ার নাম নেন রোহিত। এ পান্ডিয়াকে মুম্বাই ইন্ডিয়ান্সের অধিনায়ক করা নিয়ে কত বিতর্ক। সেই বিতর্ক ছুড়ে ফেলে বিশ্বকাপ জয়ের সবচেয়ে বড় কৃতিত্ব তাকেই দিলেন অধিনায়ক। হিটম্যানের কথা শুনে কেঁদে ফেললেন ভারতের সহ-অধিনায়ক। বিশ্বকাপ জিতে ফেরা ভারতীয় দলের জন্য ওয়াংখেড়েতে সংবর্ধনার আয়োজন করে ভারতীয় ক্রিকেট বোর্ড। সেখানে বিশ্বকাপ ফাইনালের শেষ ওভারের অভিজ্ঞতার কথা জানান রোহিত। তিনি বলেন, 'শেষ ওভারে যে কোনো রান বাঁচানোই খুব কঠিন। প্রচুর চাপ থাকে। সে চাপ সামলে বল করেছেন পান্ডিয়া। প্রথমে ক্লাসেনকে আউট করে ও আমাদের খেলায় ফিরিয়েছে। তার পরে শেষ ওভারে মিলারের উইকেট নিয়েছে। আমাদের বিশ্বকাপ জিতিয়েছে। পান্ডিয়া অসাধারণ।'

রোহিত যখন এ কথাগুলো বলছেন তখন সামনে চেয়ারে বসে থাকা পান্ডিয়ার চোখে জল। অথচ মুখে হাসি। রোহিতের মুখে পান্ডিয়ার প্রশংসা শুনে ওয়াংখেড়ের গ্যালারিও তার নাম উচ্চারণ করে। যে গ্যালারি থেকে ছয় মাস আগে টিটকিরি ভেসে এসেছিল, সেই গ্যালারি থেকেই নিজের নামে জয়ধ্বনি শুনলেন পান্ডিয়া।

## আর্জেন্টিনার কাছে হেরে
# বরখাস্ত ইকুয়েডর কোচ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকায় ভালোই ছন্দে ছিল ইকুয়েডর। তবে বাংলাদেশ সময় শুক্রবার সকালে কোয়ার্টার ফাইনাল ম্যাচে তারা টাইব্রেকারে ৪-২ ব্যবধানে হেরে গেছে আর্জেন্টিনার কাছে। আর আর্জেন্টিনার কাছে হারের ফলে কোচ ফেলিক্স সানচেসকে বরখাস্ত করেছে ইকুয়েডর ফুটবল ফেডারেশন (এফইএফ)। প্রথমার্ধে লিসান্দ্রো মার্তিনেসের গোলে এগিয়ে যায় আর্জেন্টিনা। সেই লিড বর্তমান চ্যাম্পিয়নরা ধরে রাখে ৯০ মিনিট পর্যন্ত। কিন্তু ইনজুরি টাইমে কেভিন রদ্রিগেসের হেডে সমতায় ফেরে ইকুয়েডর। ১-১ গোলে দুই দল অবিচ্ছিন্ন থাকায় ম্যাচ গড়ায় টাইব্রেকারে। যেখানে প্রথম দুই শটই মিস করে বসে ইকুয়েডর। দুটি শটই ঠেকিয়ে দেন আর্জেন্টাইন গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ। তাই পরে দুই গোল করলেও সেমিফাইনালে আর ওঠা হয়নি ইকুয়েডরের।

তাই ম্যাচের পরপরই বরখাস্তের খবর শোনেন সানচেস। গত বছরের মার্চেই ইকুয়েডরের সঙ্গে চার বছরের চুক্তি করেন তিনি। কিন্তু তা টিকল না দেড় বছরও। এক বিবৃতিতে এফইএফ জানায়, ফেলিক্স ও তার কোচিং স্টাফকে তাদের কাজ ও পেশাদারিত্বের জন্য ধন্যবাদ এবং ভবিষ্যত সফলতার জন্য শুভকামনা জানাই।'

# ঝুলে আছে বাবরের অধিনায়ক-ভাগ্য



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পাকিস্তানের সীমিত ওভারের অধিনায়ক বাবর আজম ও নির্বাচক কমিটির ভাগ্য ঝুলে আছে এখনো। তবে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আরেকটি ধাপ এগিয়েছে দেশটির ক্রিকেট বোর্ড (পিসিবি)। ইএসপিএনক্রিকইনফোর প্রতিবেদন অনুযায়ী, টি-টোয়েন্টি বিশ্বকাপে দলের পারফরম্যান্সের প্রতিবেদন বোর্ডে জমা দিয়েছেন প্রধান কোচ গ্যারি কারস্টেন ও নির্বাচক ওয়াহাব রিয়াজ। যুক্তরাষ্ট্র ও ভারতের কাছে হেরে কার্যত তিন ম্যাচ পরই এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রথম পর্ব থেকেই বিদায় নিশ্চিত হয় পাকিস্তানের। বিশ্বকাপ-ভরাডুবির পর ব্যাপক রদবদল সাধারণত পাকিস্তান ক্রিকেটে নিয়মিত ঘটনা। এবারও 'সার্জারি' দরকার, এমন কথা উল্লেখ করেন পিসিবি চেয়ারম্যান মহসিন নাকভি। তবে জানা গেছে, বড় কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে এবার সময় নিতে চায় পিসিবি।

পাকিস্তান এবারের বিশ্বকাপে গিয়েছিল বড় রদবদলের পরই। সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপের পর পিসিবির চাপে নেতৃত্ব ছাড়া বাবর আজমকে আবার সাদা বলের অধিনায়ক হিসেবে ফিরিয়ে আনা হয়। এক সিরিজ পরই টি-টোয়েন্টি অধিনায়কত্ব থেকে সরিয়ে দেওয়া হয় শাহিন শাহ আফ্রিদিকে। আফ্রিদিকে সরিয়ে বাবরকে ফেরানোর সিদ্ধান্ত মূলত নাকভিরই ছিল। বিশ্বকাপের আগে প্রধান কোচ হিসেবে কারস্টেনকেও আনা হয়। ক্রিকইনফোর প্রতিবেদন অনুযায়ী, অধিনায়কত্বে পরিবর্তন আনার ব্যাপারটি একেবারে নাকচ করে দিচ্ছে না পিসিবি। আবার বাবরকে রাখার ব্যাপারটিও উড়িয়ে দেওয়া হচ্ছে না। মূলত বাবরকে সরিয়ে দিলে কে অধিনায়কত্ব করবেন, এমন জুতসই কাউকে খুঁজে পাওয়া যাচ্ছে না।

টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তানের ভরাডুবির পর দেশটিতে ব্যাপক সমালোচনা শুরু হয়েছে। বাবরের অধীনে রক্ষণাত্মক ক্রিকেট খেলেছে দলটি, সে আলোচনা আছে। এর পাশাপাশি নির্বাচক কমিটির দিকেও সে সমালোচনার তির ছুটছে। শাদাব খানের ফর্ম না থাকার পরও দলের সঙ্গে থাকা বিশেষজ্ঞ লেগ স্পিনার আবরার আহমেদকে কেন খেলানো হলো না, প্রশ্ন আছে সেটি নিয়ে। এখনকার নির্বাচক কমিটিতে আছেন সাতজন। খাতুকলমে কেউ প্রধান না হলেও ওয়াহাবের প্রভাব সবচেয়ে বেশি বলেই ধরে নেওয়া হয়। বিশ্বকাপে দলের সিনিয়র ম্যানেজারও ছিলেন সাবেক এ পেসার।

অবশ্য সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে পিসিবি সময় পাবে। আগামী নভেম্বরে আগে সীমিত ওভারের কোনো সিরিজ নেই পাকিস্তানের। সে মাসে অস্ট্রেলিয়া সফরে ৩টি করে ওয়ানডে ও টি-টোয়েন্টি খেলার কথা দলটির। এর আগে আগামী মাসে বাংলাদেশের বিপক্ষে দুই টেস্টের সিরিজ দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে ফিরবে পাকিস্তান দল।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR